গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নভেম্বর ২০২০ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২৯ নভেম্বর ২০২০
সভার সময়	১০.০০ টায়
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন সকলকে অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রম উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৫.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৫.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**মহান বিজয় দিবস-২০২০ উদযাপন** সভাপতি জানান, করোনা ভাইরাসজনিত ঝুঁকি থাকায় জনসমাগম হয় এমন কর্মসূচি সীমিত আকারে করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা প্রদান করেন। আন্তঃমন্ত্রণালয় সভার ৩ ক) সিদ্ধান্ত মোতাবেক ১৬.১২.২০২০ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উপপরিচালক বলেন, বিএমডির অফিস ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ০১ (এক) টি মাত্র ফ্লোরে অবস্থান হওয়ায় এবং ভবনের মূল মালিক জিএসবি হওয়ায় এই নির্দেশনা জিএসবি কর্তৃক প্রতিপালিত হবে।	ভাইরাসজনিত ঝুঁকি থাকায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কোন কর্মসূচি না পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
২.২	**E-Licence and Lease Management system সফটওয়ার তৈরির অগ্রগতি:** মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সকল নাগরিক সেবাকে ডিজিটাল ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে ই-সার্ভিস রোডম্যাপ, ২০২১ প্রণয়ন করা হয়। এছাড়া, জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা, ২০১৮-এর কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী সকল নাগরিক সেবাকে ২০২১ সালের মধ্যে শতভাগ ডিজিটাল ই-সেবায় রূপান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। বিএমডির নাগরিক সেবাসমূহকে (অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা) ই-সেবায় রূপান্তরের নিমিত্ত E-Licence and Lease Management system নামক একটি সফটওয়্যার তৈরির কাজ বর্তমান চলমান রয়েছে। ই-সেবাটির অগ্রগতির বিষয়ে সভাপতি জানতে চাইলে বিএমডির **সহকারী পরিচালক (সংযুক্ত) ও ই-সেবা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এস.এম. আশরাফুল আবেদীন আশা** জানান, E-Licence and Lease Management system সফটওয়্যারটি বর্তমানে ‘System Deployment and User Acceptance Test’ পর্যায়ে ভেটিং এর কাজ চলমান রয়েছে। ভেটিং/রিভিউ শেষ হলে এটি কোয়ালিটি টেস্টিং ও হোস্টিং এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিকট প্রেরণ করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভাপতি ভেটিং/রিভিউ এর কাজ দ্রুত শেষ করারজন্য নির্দেশনা প্রদান করেন।	ভেটিং/রিভিউ এর কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত)
২.৩	**E-Licence and Lease Management system সফটওয়ার-এর পাইলটিং বাস্তবায়ন:** এটুআই হতে প্রেরিত একটি পত্রে রূপকল্প, ২০২১ ও মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ১০০০ এর অধিক ই-সার্ভিস কে ‘মুজিব বর্ষ ডিজিটাল সার্ভিস’ হিসাবে ঘোষনা করার পরিকল্পনা করা হয়েছে জানিয়ে বিএমডি-এর বাস্তবায়নাধীন সেবাটির সার্বিক অবস্থা পর্যালোচনা ও উদ্বোধনী পরিকল্পনা প্রণয়নের জন্য এটুআই-এর টেকনোলজি টিম ও সংশ্লিষ্ট ভেন্ডরকে নিয়ে সভা আয়োজনের জন্য বিএমডিকে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া, আইসিটি ডিভিশনের সিনিয়র সচিবের সভাপতিত্বে গত ২৮.১১.২০২০ তারিখে জুম এ অনুষ্ঠিত সভায় বিএমডি-এর ই-সেবাটি নিয়ে আলোচনা হয়। উক্ত সভায় বিএমডির মহাপরিচালক মহোদয় ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে সভাপতি একটি ত্রিপক্ষীয় সভা আয়োজন ও সফটওয়ারটির পাইলট বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করেন।	বিএমডি, এটুআই এবং সংশ্লিষ্ট কনসালটিং প্রতিষ্ঠান (রিভ সিস্টেম লি.)-এর অংশগ্রহণে ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে এবং পাইলট বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

২.৪	**২০২০-২০২১ অর্থবছরের বাজেট এবং ব্যয় সংক্রান্ত আলোচনা** বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরের বাজেট পরিপত্র-২ এ বাজেট প্রস্তুতির সময় চূড়ান্ত বাজেট ৩ কোটি ৫০ লক্ষ টাকা অনুমোদন হলেও বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া কোভিড-১৯ এর কারণে চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকামেলা ও সরকারের কৃচ্ছ সাধন নীতির আলোকে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে যানবহন ক্রয় বন্ধ থাকবে এবং সরকারি ভ্রমণের ব্যয়নির্বাহের ক্ষেত্রে ১৯ জুলাই ২০২০ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০.০৯ নং স্মারকের মাধ্যমে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে মর্মে অর্থ মন্ত্রণালয় পরিপত্র জারি করে। বিএমডির গাড়ি ক্রয়ের লক্ষ্যে ৫০ লক্ষ টাকা এবং ভ্রমণ ব্যয়ের ৫০% বরাদ্দ বাদ দিয়ে বর্তমানে অনুমোদিত বাজেট দাঁড়ায় ২,৯০,০০,০০০/-(দুই কোটি নব্বই লক্ষ) টাকা। করোনা পরিস্থির কারণে কেনা-কাটা কিছুটা বিলম্ব হয় বলে সভাকে অবহিত করা হয়। সভাপতি ক্রয় পরিকল্পনা হালনাগাদ করে ডিসেম্বরের শুরুতেই দপ্তরের প্রয়োজন অনুযায়ী কেনা-কাটা শুরু করার নির্দেশনা প্রদান করেন।	দপ্তরের প্রয়োজনের প্রেক্ষিতে হালনাগাদকৃত ক্রয় পরিকল্পনা অনুযায়ী কেনা-কাটার সিদ্ধান্ত গৃহীত হয়।	বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা
২.৫	**ক্রয় পরিকল্পনা হালনাগাদকরণ** ক্রয় কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে ব্যয়ের লক্ষ্যে ক্রয় পরিকল্পনা, ২০২০-২০২১ জুলাই মাসে প্রণয়ন করা হয়। করোনা পরিস্থিতির কারণে ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে কিছুটা বিলম্ব হয়। সভাপতি ক্রয় পরিকল্পনা হালনাগাদ করে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	প্রণয়নকৃত ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন এবং হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	**ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তা**
২.৬	**২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন** খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন সরকারি দপ্তরে প্রেরণসহ অন্যান্য কাজে ব্যবহারের জন্য ৫০০ কপি বার্ষিক প্রতিবেদন মুদ্রণ করা প্রয়োজন। এ বিষয়ে বাজারদর যাচাই করে দেখা যায় যে, ৫০০ কপি মুদ্রণের জন্য আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। মুদ্রণের পদ্ধতি নিয়েও সভায় আলোচনা হয়। উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)'তে মুদ্রণ করতে হলে কমপক্ষে ২টি দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া প্রয়োজন। সেক্ষেত্রে ২টি পত্রিকায় বিজ্ঞাপন বাবদ আনুমানিক ৫০,০০০/--৬০,০০০/- (পঞ্চাশ হাজার-ষাট হাজার) টাকা ব্যয় হতে পারে। এতে দেখা যায়, মোট খরচের অতিরিক্ত প্রায় অর্ধেক টাকা বিজ্ঞাপন ব্যয় মিটানোর জন্য প্রয়োজন হবে। কোটেশনের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন মুদ্রণ করলে সরকারি অর্থের সাশ্রয় হবে। কোটেশনের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন মুদ্রণ যুক্তিযুক্ত মর্মে সভায় একমত পোষণ করা হয়।	কোটেশন পদ্ধতিতে বার্ষিক প্রতিবেদন মুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়	**বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি**
২.৭	**অডিট আপত্তি নিষ্পত্তি** বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তির বিষয়টি অন্তর্ভুক্ত। ফলে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জোর নির্দেশনা প্রদান করা হয়েছে। এই দপ্তরে ২৪ টি অডিট আপত্তি রয়েছে। যার মধ্যে ১৮ (আঠার) টি সাধারণ আপত্তি এবং ৬ (ছয়) টি অগ্রিম আপত্তি। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের ১৪.০৬.২০২০ তারিখের সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০ /১৫/২৬ নং স্মারকে ১৯৭১-৭২ অর্থবছর থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত প্রদান করেছেন। বিএমডির ১৮ টি অডিট আপত্তির মধ্যে ১৪ টি আপত্তি বর্ণিত সময়কালের অর্ন্তভূক্ত এবং বাকি ০৪ টি ২০০৮-১৩ সময়কালের অর্ন্তভূক্ত। বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অধিদপ্তরে যোগাযোগ করা হলে জানা যায় যে, প্রত্যেক অডিট অধিদপ্তর কর্তৃক উক্ত অধীদপ্তরের আওতাধীন ১৯৭১-৭২ হতে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি এক সংযুক্ত পত্র প্রেরণের মাধ্যমে নিষ্পত্তি করবেন এবং তা চূড়ান্ত নিষ্পত্তি বলে গন্য হবে, পৃথক কোনো পত্র আর জারি করা হবে না। বিএমডির অপর ৬ (ছয়) টি অগ্রিম আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ত্রিপক্ষীয় সভা আহবান করার লক্ষ্যে অডিট আপত্তি তালিকাসহ কার্যপত্র তৈরী করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	বিএমডির ৬ (ছয়) টি অগ্রিম আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিএমডি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং ত্রিপক্ষীয় সভা আহবানের জন্য অডিট আপত্তির তালিকাসহ কার্যপত্র তৈরী করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
২.৮	**ইন-হাউজ প্রশিক্ষণ** দপ্তরের কর্ম পরিবেশ উন্নয়ন এবং কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রতিমাসেই ইন-হাউজ প্রশিক্ষণের কর্মসূচি ছিল। অনিবার্য কারণবশত অক্টোবর, ২০২০ মাসে প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয়নি। প্রশিক্ষণ কর্মপরিকল্পনা পুনরায় হালনাগাদ করে উপস্থাপনের পক্ষে একমত পোষণ করা হয়।	অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (ভূতত্ত্ব)

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.৩৬৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৭
০৭ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপপরিচালক (সকল), ... বিএমডি, ঢাকা;
২) সহকারী পরিচালক (সকল), ... বিএমডি, ঢাকা;
৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ... বিএমডি, ঢাকা;
৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)